সমকাল

তারিখ 14 JUL 2017 পৃষ্ঠা কলাম 2

# ঢাবি শিক্ষকের বিরুদ্ধে ৫৭ ধারায় সহকর্মীর মামলা

■ বিশ্ববিদ্যালয় প্রতিবেদক

ঢাকা বিশ্ববিদ্যালয়ের গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের অধ্যাপক ড. ফাহমিদুল হকের বিরুদ্ধে তথ্যপ্রযুক্তি আইনের ৫৭ ধারায় মামলা করেছেন একই বিভাগের অধ্যাপক আবুল মনসুর আহাম্মদ। বিভাগের শিক্ষার্থীদের ফেসবুক গ্রুপে মিথ্যা অপবাদ ছড়ানোর অভিযোগে গত বুধবার শাহবাগ থানায় মামলাটি করা হয়। গতকাল বৃহস্পতিবার মামলাটি এজাহারভুক্ত করে পুলিশ।

এজাহারে বাদী উল্লেখ করেন, 'গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের এমএসএস ২০১৬ ষষ্ঠ ব্যাচের ফেসবুক গ্রুপে বিভাগের শিক্ষক অধ্যাপক ড. ফাহমিদুল হক আমার উদ্দেশ্যে সম্পূর্ণ মিথ্যা ও ভিত্তিহীন তথ্য প্রচার করেছেন। ওই গ্রুপটিতে ৬৯ জন সদস্য রয়েছে। তাদের কাছে আমার মান-সম্মানের হানি ঘটেছে। এ ছাড়া অফিসের কিছু গোপন তথ্য তার পোস্টের মাধ্যমে প্রকাশ পেয়েছে, যা সম্পূর্ণ বেআইনি। এটা বিশ্ববিদ্যালয়ের ভাবমূর্তি ক্ষুণ্ণ করেছে।'

বিশ্ববিদ্যালয় সূত্রগুলো বলছে, বিভাগের মাস্টার্স পরীক্ষার ফল প্রকাশের বিলম্ব ও উত্তরপত্রে ঘষামাজা নিয়ে শিক্ষকদের দুই পক্ষের মধ্যে কয়েক দিন ধরেই অভিযোগ-পাল্টা অভিযোগ চলছে।

মামলার বিষয়টি অবহিত করা হলে অধ্যাপক ফাহমিদুল হক বলেন, 'আমি যা লিখেছি তা সুস্থ জ্ঞানেই লিখেছি। এ বিষয়ে আর বেশি কিছু বলতে চাই না। এটি যেহেতু একটি আইনি প্রক্রিয়া, আইনি প্রক্রিয়ায়ই এটির মোকাবেলা করব।'

শাহবাগ থানার ওসি আবুল হাসান বলেন, মামলা হয়েছে। এ বিষয়ে আমরা তদন্ত করে ব্যবস্থা নেব।